দৈনিক জনকণ্ঠ

৩৭

তারিখ ...3..1 AUG. 1996...

পৃষ্ঠা ৩ কলাম ৩

# চট্টগ্রাম ভার্সিটি ॥ অপসারিত ৭ জনকে পুনর্বহালের পাঁয়তারা

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ পরীক্ষা সংক্রান্ত নজিরবিহীন দুর্নীতির দায়ে চাকরি থেকে অপসারিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষক-কর্মচারীসহ মোট ৭ জনকে স্ব স্ব পদে পুনর্বহালের পাঁয়তারা চলছে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে প্রদত্ত একটি চিঠি সংশ্লিষ্ট সকল স্তরে বিস্ময়ের সৃষ্টি করেছে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরটি দীর্ঘ সময় ধরে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছিল। এ দফতর হতে মোটা অঙ্কের অর্থের বিনিময়ে দীর্ঘ প্রায় ২০ বছর পর্যন্ত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া সত্ত্বেও শত শত পরীক্ষার্থীকে পরীক্ষা পাসের সনদ বিতরণ করা হয়। পরীক্ষা সংক্রান্ত এসব দুর্নীতির সাথে কিছু শিক্ষক, কর্মচারীও জড়িত ছিলেন। '৯৪ সালে দুর্নীতি চরম পর্যায়ে পৌঁছার পর তা ফাঁস হয়ে যায়। বিশ্ববিদ্যালয় প্রশাসন বাধ্য হয়ে গঠন করে তদন্ত কমিটি।